

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বিনোদন | 19 May, 2025

রাজধানীর ভাটারা থানার একটি মামলায় গ্রেপ্তার অভিনেত্রী নুসরাত ফারিয়াকে আদালতে নেওয়া হয়েছে। সকাল ৯টার দিকে তাকে আদালতে নেওয়া হয়। আদালতে নিয়ে তাকে চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের হাজতখানায় রাখা হয়।

গতকাল (রোববার) দুপুরে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে থাইল্যান্ড যাওয়ার সময় ইমিগ্রেশন পুলিশ তাকে আটক করে। পরে ভাটারা থানা পুলিশের কাছে তাকে হস্তান্তর করা হয়। ওই থানার একটি মামলায় তাকে গ্রেপ্তারও দেখানো হয়।

পরে থানা থেকে তাকে ডিবি কার্যালয়ে নেওয়া হয়। সেখানে তাকে জিজ্ঞাসাবাদ করা হয়।

আদালত | চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট | রাজধানী | ডিবি কার্যালয় | পুলিশ | নুসরাত ফারিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:19

URL: <https://www.timestodaybd.com/entertainment/9000162654>